

# বইমেলায় প্রধানমন্ত্রীর আগমন প্রতিরোধ করবে ছাত্রলীগ

তিনি বইমেলা উদ্বোধন করলে একশের পবিত্রতাকে অসম্মান করা হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে মহান মুক্তিযুদ্ধের বিরোধীতাকারী ঘাতক জামাত-শিবিরের অশ্রয়দাতা হিসেবে উল্লেখ করে ছাত্রলীগ অমর একুশের বইমেলায় তার আগমন প্রতিরোধ ও প্রতিহত করার সিদ্ধান্ত নিয়েছে। এ উপলক্ষে ছাত্রলীগ আজ শনিবার বিকাল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কালো পতাকা মিছিল ও বিক্ষোভ সমাবেশ করবে।

গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্য কেবিনে আয়োজিত সংবাদ সম্মেলনে ছাত্রলীগ এই কর্মসূচি ঘোষণা করে। আজ বিকালে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার অমর একুশের বইমেলা উদ্বোধন করতে বাংলা একাডেমীতে আসার কথা রয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয় মহান একুশের চেতনা বিরোধী শক্তি জামাত-শিবির চক্রের অশ্রয় দাতা, গণতন্ত্র ও মানবতাবিরোধী বর্তমান প্রধানমন্ত্রী খালেদা জিয়া একুশের বইমেলা উদ্বোধন করলে অমর একুশের পবিত্রতাকে অসম্মান করা হবে। সংবাদ সম্মেলনে বলা হয় যে চেতনা ও বিশ্বাস নিয়ে এ দেশের ছাত্র সমাজসহ সমগ্র দেশবাসী মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছে বর্তমান প্রধানমন্ত্রী ও তার সরকার সেই মহান চেতনার বিশ্বাস করে না। উপরন্তু ১৯৭১ সালের ঘাতকদের নিয়ে প্রধানমন্ত্রী মন্ত্রিসভা গঠন করে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের অভিন্ন চেতনার বিরুদ্ধে অপপ্রক্রিয়া চালাচ্ছেন। মহান ভাষা আন্দোলনের যুগু ছিল একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক মূল্যবোধসম্পন্ন রাষ্ট্র ও সমাজ নির্মাণ করা। কিন্তু বর্তমান খালেদা-নিজামীর সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে সরকারি পৃষ্ঠপোষকতায় দেশব্যাপী হত্যা, স্বাধীনতা, ধর্ষণ, চাঁদাবাণিজ্য, সংখ্যালঘু নির্যাতন, বন্যায়নভাবে বেড়েই চলেছে এবং দেশকে নরকে পরিণত করেছে। সরকারের এসব ন্যাকারজনক মানবতাবিরোধী কর্মকাণ্ড ও মৌলবাদী সাম্প্রদায়িক শক্তিকে পৃষ্ঠপোষকতা প্রদানের কারণে বিশ্বব্যাপী বাংলাদেশের অবমূর্তি ছুঁপ হয়েছে।

সংবাদ সম্মেলনে বলা হয়, আজ আমাদের ২১ ফেব্রুয়ারিকে যখন সমগ্র বিশ্ববাসী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সম্মানে উদযাপন করছে, সেই সময়ে আমাদের দেশে অমর একুশের অনুষ্ঠানমালার সূচনা একজন গণতন্ত্র, মানবতাবিরোধী, বাদীতাবিরোধী রাজাকার, আল-বদর, আল-শামস গোষ্ঠীর ভাষণকারী ব্যক্তির মাধ্যমে হতে পারে না। সংবাদ সম্মেলনে ছাত্রলীগ গণতন্ত্র, মানবতা ও দেশবিরোধী বর্তমান প্রধানমন্ত্রীকে বর্জন ও প্রতিরোধ করার জন্য দেশের ছাত্র সমাজসহ সচেতন দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছে।

এক প্রশ্নের জবাবে ছাত্রলীগ সভাপতি সিয়াকত সিকদার বলেন- যদি প্রধানমন্ত্রী খালেদা জিয়া একাত্তরের ঘাতক মৌলবাদী মন্ত্রীদের তার মন্ত্রিসভা থেকে বহিষ্কার, গণতন্ত্র ও মানবতাবিরোধী তার অতীত কর্মকাণ্ডের জন্য প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা এবং মুক্তিযুদ্ধের চেতনায় দেশ পরিচালনার অধীকার ব্যতঃ

● এশর-পৃষ্ঠা ১১ কলাম ৮

## বইমেলায় প্রধানমন্ত্রীর আগমন

● শেষের পাতার পর করেন তাহলে ছাত্রলীগ প্রধানমন্ত্রীকে ঢাকি ক্যাম্পাসে আগত জানাতে প্রস্তুত রয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রলীগ সভাপতি সিয়াকত সিকদার। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাক্কা আক্তার পপি, রফিকুল ইসলাম কোডগান, আমিনুল ইসলাম, অসিত বরণ বিশ্বাস, সাইফুজ্জামান শিখর, মহিনুল ইসলাম মেস্তাক, জাকির হোসেন মাক্কাফ, অলক বণিক, আবদুল আলিম, কামরুল হাসান খোকন, মোমিন পাটোয়ারী, পুণ্ড্রনাথার মুন্সী, দেলোয়ার হোসেন, হেমায়েত উদ্দিন হিমু, গোলাম সারোয়ার কবির প্রমুখ।